বাগেরহাটে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত

“বহু ভাষায় সাক্ষরতা, উন্নত জীবনের নিশ্চয়তা ” এই প্রতিপাদ্য বিষয়কে সামনে রেখে বাগেরহাটে নানা আয়োজনে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালিত হয়েছে। রোববার সকালে বাগেরহাট জেলা প্রশাসন ও উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর আয়োজনে স্বাধীনতা উদ্যানের সামনে থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিন শেষে জেলা পরিষদ অডিটরিয়ামে গিয়ে শেষ হয়। জেলা পরিষদ অডিটোরিয়ামে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন, বাগেরহাটের জেলা প্রশাসক মো: মামুনুর রশীদ।

বাগেরহাট স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক দেবপ্রসাদ পালের সভাপতিত্বে এসময় অন্যান্যের মধ্যে বক্তব্য দেন, অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ কামরুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার শাহাদাৎ হোসেন, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহকারী পরিচালক অগ্রজ কুমার রায়, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোঃ কবীর হোসেন, সদও উপজেলা নির্বাহী কর্মকর্তা তানজিল্লুর রহমান, পিটিআই সুপার লস্কর সফি আহম্মেদ, হেল্প এর নির্বাহী পরিচালক ফরিদা আক্তার বানু লুচি, প্রেস ক্লাবের সহসাধারন সম্পাদক শেখ আজমল হোসেন, উদয়ন বাংলাদেশের নির্বাহী পরিচালক শেখ আসাদ, শিক্ষক আমাতুল হাফিজ প্রমুখ।

পরে আদর্শ বিদ্যালয়ের ছাত্রীদের অংশগ্রহনে একটি নাটক পরিবেশন করা হয়।
র্যালী ও আলোচনা সভায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থী ও সরকারী-বেসরকারী কর্মকর্তা এবং বিভিন্ন সংগঠনের প্রতিনিধিরা অংশ নেয়।